

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪২৫৭

খোয়াই, ১৬ ডিসেম্বর, ২০২৩

বিকশিত ভারত সংকল্প যাত্রা
পদ্মবিল ব্লকের বীরচন্দ্রপুরে ভ্রাম্যমান প্রচার গাড়ি

বিকশিত ভারত সংকল্প যাত্রায় কেন্দ্রীয় ফ্ল্যাগশীপ প্রকল্পের তথ্য সম্বলিত ভ্রাম্যমান প্রচার গাড়ি গতকাল পদ্মবিল ব্লকে বিভিন্ন ভিলেজ এলাকা পরিক্রমা করে। কেন্দ্রীয় ফ্ল্যাগশীপ প্রকল্পে জনসচেতনতা বাড়াতে ভ্রাম্যমান প্রচার গাড়িটি বিভিন্ন এলাকা পরিক্রমা করে। ভ্রাম্যমান প্রচার গাড়িটিকে এদিন বীরচন্দ্রপুর উচ্চমধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গনে স্বাগত জানানো হয়। প্রচার গাড়িটিকে স্বাগত জানান ব্লকের অতিরিক্ত বিডিও অমিত জমাতিয়া ও খোয়াই মহকুমা শাসক কার্যালয়ের ডিসি যোসেফ দেববর্মা। এ উপলক্ষে বিদ্যালয় প্রাঙ্গনে প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে বিকাশ শিবির অনুষ্ঠিত হয়। ব্লকের উত্তর পদ্মবিল, পশ্চিম বেলছড়া, পূর্ব বেলছড়া, বগাবিল ও রতনপুর ভিলেজকে নিয়ে এই শিবির অনুষ্ঠিত হয়। বিকাশ শিবিরে মহকুমা প্রশাসনের পক্ষ থেকে ১৮টি পিআরটিসি, ২২টি এসটি, ২টি এসসি, ১৬টি ম্যারেজ, ১টি ওবিসি ও ১৮টি ইনকাম সার্টিফিকেটের আবেদনপত্র গ্রহণ করা হয়। তাছাড়া পঞ্চায়েত কার্যালয় থেকে ৪৫টি আর ও আর সার্টিফিকেটের আবেদনপত্র গ্রহণ করা হয়েছে। শিবিরে প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনা ৩ জন সুবিধাভোগীকে এলপিজি সংযোগ দেওয়া হয়। সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তর থেকে ২জন গর্ভবতী মহিলা ও ২৫ জন শিশুকে পোষণ কিট দেওয়া হয়। স্বাস্থ্য দপ্তর থেকে ৩২ জন রোগীর চিকিৎসা করে প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয়েছে।
